

ଅନ୍ତ୍ର କିବୋର୍ଡ ୫ ବ୍ୟବହାର ନିର୍ଦ୍ଦେଶିକା

ତୃତୀୟ ସଂସ୍କରଣ: ୧ ଜାନୁଆରୀ ୨୦୧୧

ଦ୍ୱିତୀୟ ସଂସ୍କରଣ: ୨୬ ମାର୍ଚ୍ଚ ୨୦୦୭

ପରିମାର୍ଜିତ ପ୍ରଥମ ସଂସ୍କରଣ: ୨୦ ଫେବ୍ରୁଆରୀ ୨୦୦୬

ପ୍ରଥମ ସଂସ୍କରଣ: ୯ ଫେବ୍ରୁଆରୀ ୨୦୦୬

OmicronLab

<http://www.omicronlab.com>

অব্র ফনেটিক ইংরেজি থেকে বাংলায় লেখার একটি উচ্চারণভিত্তিক বর্ণান্তর (Transliteration) পদ্ধতি। Fixed Keyboard Layout ভিত্তিক বাংলা লেখার পদ্ধতির চেয়ে অব্র ফনেটিক দিয়ে বাংলা লেখা অনেক বেশি সহজ, কেননা এজন্য কোন কিবোর্ড লেআউট মুখস্থ করার প্রয়োজন নেই। কিছু সুনির্দিষ্ট কিন্তু অত্যন্ত সহজ নিয়ম অনুসরণ করে আপনি এই মুহূর্তে বাংলা টাইপিং এ অভ্যস্ত হয়ে উঠতে পারেন।

বাংলা লেখা শুরু করা:

- ১) অব্র কিবোর্ড এ কিবোর্ড লেআউট হিসেবে Avro Phonetic (English to Bangla) সিলেক্ট করুন।
- ২) কিবোর্ড মোড বাংলা কীবোর্ডে নিয়ে আসুন।
- ৩) এরপর নিচের নিয়ম অনুসরণ করে বাংলা লিখতে থাকুন।

সংক্ষেপে অব্র ফনেটিকের বর্ণান্তর নিচের নিয়মে হয়ে থাকে। বিস্তারিত পরের পৃষ্ঠা থেকে পড়তে থাকুন।

ক k	ট T	প p	স s	অ o	ও ঔ OU	০ 0	Legend: <div> <div>■ Case sensitive</div> <div>■ Not case sensitive</div> </div> <div>(v) - Any vowel</div> <div>(c) - Suitable consonent</div> <div>- Accent Key</div>  <div>www.omicronlab.com</div>
খ kh	ঠ Th	ফ ph,f	হ h	আ া a	ব (ফলা) w	১ 1	
গ g	ড D	ব b	ড় R	ই ি i	্য - য ফলা (c) y, Z	২ 2	
ঘ gh	ঢ Dh	ভ bh,v	ঢ় Rh	ঈ ি I	৳ - র ফলা (c) r	৩ 3	
ঙ Ng	ণ N	ম m	য় y,Y	উ ু u	৳ - রেফ (v) rr (c)	৪ 4	
চ c	ত t	য z	ৎ t''	ঊ ু U	৳ - হসন্ত ,,	৫ 5	
ছ ch	থ th	র r	ং ng	ঋ ্র ri	। - দাড়ি .	৬ 6	
জ j	দ d	ল l	ঃ :	এ ৈ e	৳ - টাকা \$	৭ 7	
ঝ jh	ধ dh	শ sh,S	৳ ^	ঐ ৈ OI	. - ডট . (NumPad)	৮ 8	
ঞ NG	ন n	ষ Sh	জ J	ও ঔ O	: (কোলন) :	৯ 9	

নিয়ম ১: স্বরবর্ণ লেখা-

বাংলা মূল স্বরবর্ণ লেখার জন্য আপনি নিচের ইংরেজি বর্ণগুলো ব্যবহার করবেন:

অ	o
আ	a
ই	i
ঈ	I (<i>capital</i>), ee
উ	u, oo
ঊ	U (<i>capital</i>)

ঋ	rrri (<i>all small</i>)
এ	e
ঐ	OI (<i>all capital</i>)
ও	O (<i>capital</i>)
ঔ	OU (<i>all capital</i>)

লক্ষ করুন: ঈ,ঊ,ঐ,ও,ঔ স্বরবর্ণগুলো আপনাকে Capital/Block letter এ লিখতে হবে। ব্যাপারটি আপনি এভাবে সহজে মনে রাখতে পারেন- ই (i) থেকে ঈ (I) তে যেহেতু উচ্চারণে বেশি জোর দিতে হচ্ছে তাই এটা আপনাকে Capital/Block letter এ লিখতে হবে।

বাংলা স্বরবর্ণের সংক্ষিপ্ত রূপ (কার/মাত্রা) লেখার জন্যও মূল স্বরবর্ণের মত একই ইংরেজি বর্ণ করতে হবে-

া	a
ি	i
ী	I (<i>capital</i>) , ee
ু	u, oo
ূ	U (<i>capital</i>)

র্	rrri (<i>small</i>)
ে	e
ৈ	OI (<i>capital</i>)
ো	O (<i>capital</i>)
ৌ	OU (<i>capital</i>)

স্বরবর্ণ এবং স্বরবর্ণের সংক্ষিপ্ত রূপ (কার/মাত্রা) লিখতে একই ইংরেজি বর্ণ ব্যবহার করলেও অত্র ফনেটিক বুঝতে পারবে কোন জায়গায় মূল স্বরবর্ণ এবং কোন জায়গায় এটার সংক্ষিপ্ত রূপ (কার/মাত্রা) ব্যবহৃত হবে।

উদাহরণ:

মূল স্বরবর্ণ			স্বরবর্ণের সংক্ষিপ্ত রূপ (কার/মাত্রা)		
অ	অনেক	onek	(নেই)		
	অমর	omor			
	(মন্তব্য: ম এর পর উচ্চারণে অ আছে, তবে বাংলা লেখায় এটা উহ্য থাকে। আপনাকে ইংরেজিতে লেখার সময় তা লিখতে হবে)				
আ	আমার	amar	া	আমার	amar
ই	ইতি	iti	ি	ইতি	iti
ঈ	ঈগল	Igol,eegol	ী	কী	kI, kee
উ	উজান	ujan, oojan	ু	বুঝি	bujhi, boojhi
ঊ	ঊনচল্লিশ	Unocollish	ূ	দূর	dUr
ঋ	ঋজু	rriju	্	গৃহ	grriho
এ	এমন	emon	ে	কেন	keno
ঐ	ঐরাবত	OIrabot	ৈ	কৈ	kOI
ও	ওতপ্রোত	OtoprOto	ৌ	ওতপ্রোত	OtoprOto
ঔ	ঔপদেশিক	OUpodeshik	ৌ	বৌ	bOU

বিশেষ নিয়ম:


১) জোরপূর্বক মূল স্বরবর্ণ লেখা:

সাধারণভাবে ইংরেজিতে কোন ব্যঞ্জনবর্ণের পর স্বরবর্ণ লিখলে অত্র ফনেটিক সেটাকে স্বরবর্ণের সংক্ষিপ্ত রূপ (কার/মাত্রা) হিসেবে লিখে। খুব অল্প কিছু ক্ষেত্রে আপনাকে এই নিয়মের বাইরে লিখতে হতে পারে। “একি” এবং “একই” শব্দ দুইটি লক্ষ করুন। এদের উচ্চারণ প্রায় অভিন্ন। এক্ষেত্রে “একি” আপনি লিখবেন সাধারণভাবেই - “eki”। কিন্তু “একই” আপনাকে লিখতে হবে এভাবে - “ek`i”। এখানে k এবং i এর মাঝখানে আপনি ব্যবহার করেছেন Accent Key।

এভাবে স্বরবর্ণের আগে Accent Key দিয়ে আপনি স্বরবর্ণটিকে আগের ব্যঞ্জনবর্ণ থেকে আলাদা করতে পারবেন এবং যেকোনো অবস্থায় মূল স্বরবর্ণ লিখতে পারবেন।

উদাহরণ:

`o	অ
`a	আ
`i	ই
`I	ঈ
	ইত্যাদি...




২) জোরপূর্বক স্বরবর্ণের সংক্ষিপ্ত রূপ (কার/মাত্রা) লেখা:

একইভাবে আপনি যদি জোরপূর্বক স্বরবর্ণের সংক্ষিপ্ত রূপ (কার/মাত্রা) লিখতে চান তাহলে স্বরবর্ণের পর Accent Key ব্যবহার করুন। অত্র ফনেটিক তাহলে যে কোন অবস্থায় তার সমস্ত নিয়ম এড়িয়ে স্বরবর্ণের সংক্ষিপ্ত রূপ (কার/মাত্রা) লিখে দিবে।

উদাহরণ:

o`	(কিছু লেখা হবে না)
a`	া
i`	ি
I`	ী
	ইত্যাদি...




নিয়ম ২: ব্যঞ্জনবর্ণ লেখা-

ব্যঞ্জনবর্ণ লিখতে নিচের বর্ণান্তর ক্রম অনুসরণ করুন:

ক	খ	গ	ঘ	ঙ	চ	ছ	জ	ঝ	ঞ
k	kh	g	gh	Ng	c	ch	j	jh	NG
ট	ঠ	ড	ঢ	ণ	ত	থ	দ	ধ	ন
T	Th	D	Dh	N	t	th	d	dh	n
প	ফ	ব	ভ	ম					
p	ph,f	b	bh,v	m					
য	র	ল							
z	r	l							
শ	ষ	স							
sh,S	Sh	s	h						
ড়	ঢ়	য়	ৎ	ং	ঃ	ঁ	জ্		
R	Rh	y,Y	t``	ng	:	^	J		

লক্ষ্য করুন:

- * যেসব বর্ণ ইংরেজি Capital/Block letter এ লেখা আছে সেগুলো সেভাবেই লিখতে হবে।
- * বাংলায় “য়” শব্দের শুরুতে বসে না (Reference: বাংলা একাডেমী অভিধান, ফেব্রুয়ারি ২০০৩ সংস্করণ)। শব্দের শুরুতে “y” লিখলে তা “ইয়” হিসেবে আসবে। যেমন আপনি লিখতে পারেন “ইয়াহু (yahoo)”। শব্দের শুরুতে (অথবা অন্য যেকোনো স্থানে) “য়” জোরপূর্বক লিখতে “Y” (capital) ব্যবহার করুন।
- * কোন শব্দে স্বরবর্ণ/কার এর পরে “a” লিখলে তা “য়া” হিসেবে আসবে। যেমন আপনি লিখতে পারেন “সামিয়া (samia)”। এক্ষেত্রে জোরপূর্বক “আ” লিখতে উপরের জোরপূর্বক মূল স্বরবর্ণ লেখা নিয়মটি অনুসরণ করুন।
- * “ৎ” লেখার জন্য “t” এরপর দুইবার Accent Key চাপতে হবে। অর্থাৎ “t``” লিখতে হবে।



নিয়ম ৩: ব্যঞ্জনবর্ণের সংক্ষিপ্ত রূপ (“ফলা”) ও অন্যান্য লেখা-

ব-ফলা: ব-ফলা লিখতে ব্যঞ্জনবর্ণের পরে “w” ব্যবহার করুন। উদাহরণ: বিশ্ব (bishwo), উদ্বায়ী (udwayI)।

নোট: কিছু কিছু ক্ষেত্রে “w” ছাড়াই “b” দিয়ে আপনি ব-ফলা লিখতে পারবেন। উদাহরণ: আম্বিয়া (ambia/ambiya), বাল্ব (balb)

য-ফলা: য-ফলা লিখতে ব্যঞ্জনবর্ণের পরে “y” ব্যবহার করুন। উদাহরণ: ব্যবহার (bybohar), ব্যক্তি (byakti)।

নোট:

* লক্ষ করুন, “য়” লিখতেও আপনি “y” ব্যবহার করছেন। এটি য-ফলার সাথে সমস্যা তৈরি করবে না। অত্র ফনেটিক যেখানে যা উপযোগী তাই লিখবে। উদাহরণ: ব্যবহার (bybohar), নিয়ম (niyom)

* আপনি “Z” (*capital*) ব্যবহার করে জোরপূর্বক যে কোন স্থানে য-ফলা লিখতে পারবেন, এভাবে উপযুক্ত স্থানে স্বরবর্ণের পরেও য-ফলা লেখা সম্ভব। উদাহরণ: অ্যাডমিন (aZDmin), অ্যারোমেটিক (aZromeTik)

র-ফলা: র-ফলা লিখতে ব্যঞ্জনবর্ণের পরে “r” ব্যবহার করুন। উদাহরণ: প্রসন্ন (prosonno), প্রায় (pray), প্রতিদিন (protidin)।

ম-ফলা: ম-ফলা লিখতে ব্যঞ্জনবর্ণের পরে “m” ব্যবহার করুন। উদাহরণ: পদ্মা (podma)।

রেফ: রেফ লিখতে ব্যঞ্জনবর্ণের আগে “rr” ব্যবহার করুন। উদাহরণ: অর্ক (orrko), আর্তনাদ (arrtonad), অর্থহীন (orrthohIn)


হসন্ত: হসন্ত লিখতে দুইটি কমা ,, পরপর ব্যবহার করুন।

দাড়ি: দাড়ি (।) লিখতে ইংরেজি Full stop “.” ব্যবহার করুন।


টাকা (৳) চিহ্ন: টাকা চিহ্ন লিখতে ইংরেজি Dollar “\$” চিহ্ন ব্যবহার করুন।

ডট (.) চিহ্ন: অত্র ফনেটিক এ শুধু ডট (.) দিয়ে আপনি দাড়ি লিখেন। এখন ডট (.) লিখতে ইংরেজি Full stop “.” এর পরে Accent Key ব্যবহার করুন। অর্থাৎ “.” লিখুন।

টিপস: অত্র ফনেটিক এ আপনি Number Pad থেকে সরাসরি ডট (.) লিখতে পারেন। এক্ষেত্রে প্রতিবার স্বয়ংক্রিয়ভাবেই “.” লেখা হবে।



কোলন (:) চিহ্ন: অত্র ফনেটিক এ শুধু কোলন (:) দিয়ে আপনি বিসর্গ (:) লিখেন। কোলনের পরে Accent Key চাপলেই তা বিসর্গ না হয়ে কোলন হয়ে যাবে। অর্থাৎ আপনাকে লিখতে হবে “:”



এছাড়া অন্য যেকোনো যতি/ছেদ (Punctuation mark) বা অন্য কোন চিহ্ন যেমন ; ? ! () {} [] / \ + - * % ইত্যাদি সাধারণভাবেই লেখা যাবে।

নিয়ম ৪: যুক্তাক্ষর/যুক্তবর্ণ লেখা-

অব্র ফনেটিক দিয়ে যুক্তবর্ণ লিখতে আলাদা কোন নিয়ম শেখার প্রয়োজন নেই। পাশাপাশি একাধিক ব্যঞ্জনবর্ণের একসাথে উচ্চারণে যদি কোন যুক্তাক্ষর তৈরি হয় তবে অব্র ফনেটিক তা নিজেই তৈরি করে দিবে।

উদাহরণ:

অক্ষর	okkhor	ব্রাহ্মণ	brahmoN
অন্ত	onto	লক্ষ্মী	lokkhmi
বিজ্ঞ	biggo	সম্বল	sombol

বাংলায় পূর্ণ যুক্তাক্ষর এর তালিকা এবং অব্র ফনেটিক দিয়ে কিভাবে তাদের লেখা যায় তা এই নির্দেশিকার শেষ অংশে পাবেন।

বিশেষ নিয়ম:


একাধিক ব্যঞ্জনবর্ণকে যুক্তাক্ষর হতে না দেয়া:

“কান্তা”, “কিন্তু” এবং “কিনতে” শব্দগুলো লক্ষ করুন। “ন” এর সাথে “ত” একটি সঠিক যুক্তাক্ষর হলেও “কিনতে”, “কিনতাম”, “কিনতেন” ইত্যাদি শব্দে যুক্তাক্ষর হচ্ছে না। এধরনের ক্ষেত্রে আপনাকে নিচের নিয়মে স্বয়ংক্রিয়ভাবে যুক্তাক্ষর তৈরি বন্ধ করতে হবে।

* দুইটি ব্যঞ্জনবর্ণের মাঝখানে Accent Key ব্যবহার করলে এরা যুক্তাক্ষর হবে না। এখানে Accent Key দুইটি ব্যঞ্জনবর্ণকে আলাদা করে রাখে।

উদাহরণ:

	সঠিক প্রয়োগ	ভুল প্রয়োগ	Accent Key দিয়ে ঠিক করে লেখা
গ্ল	গ্লোব glOb	আগ্লানো aglanO	আগলানো ag`lano
ক্ট	অক্টোপাস okTOpas	এক্টা ekTa	একটা ek`Ta



নোট:

এ ধরনের ব্যতিক্রমী শব্দের মাঝখানে আপনাকে প্রতিবারই Accent Key লিখতে হবে তা নয়। অব্র ফনেটিক এ Auto correct ফিচার রয়েছে, অনেকগুলো ব্যতিক্রমী শব্দ সেখানে Install করার পরই আপনি পাবেন। চাইলে সেখানে নিজের ইচ্ছেমত শব্দ যোগ করতে পারবেন অথবা বাদ দিতে পারবেন। একবার কোন শব্দ Auto correct ডিকশনারিতে যোগ করলে অব্র ফনেটিক দ্বিতীয়বার সেই শব্দ লিখতে ভুল করবে না। Auto correct সম্পর্কে বিস্তারিত জানতে পরবর্তী অনুচ্ছেদ দেখুন।

অটো কারেক্ট (Auto correct) সম্পর্কে ধারণা:

অব্র ফনেটিক সম্পূর্ণ কার্যকর একটি অটো কারেক্ট সুবিধা নিয়ে এসেছে। এর অটো কারেক্ট ডিকশনারিতে আপনি প্রয়োজনমত যত ইচ্ছা শব্দ যোগ করতে পারবেন, যে কোন শব্দ যখন ইচ্ছা বাদ দিতে পারবেন, যে কোন শব্দ যখন ইচ্ছা পরিবর্তন করতে পারবেন, এমনকি চাইলে অটো কারেক্ট সুবিধাটি বন্ধও রাখতে পারবেন।

অটো কারেক্ট এর ব্যবহারিক প্রয়োগ:

১) ভুল শব্দ/যুক্তাক্ষর ঠিক করা:

মনে করুন আপনি “আমরা (amra)” লিখতে চাচ্ছেন। অব্র ফনেটিক র-ফলার সূত্রে এটিকে লিখবে “আম্রা” (ম্র একটি সঠিক যুক্তবর্ণ, যেমন ম্রিয়মান-mriyoman)। এটি এড়ানোর জন্য আপনাকে “amra” তে m এবং r এর মাঝখানে Accent Key চাপতে হবে, অর্থাৎ লিখতে হবে “am`ra”। এধরণের ক্ষেত্রে আপনি যদি তখনই শব্দটি অটো কারেক্ট ডিকশনারিতে যোগ করে ফেলেন তবে অব্র ফনেটিক ভবিষ্যতে আর “আমরা” লিখতে ভুল করবে না, আপনি “amra” দিয়েই প্রতিবার শব্দটি সঠিকভাবে লিখতে পারবেন।

২) ইংরেজি শব্দের একই বানানে শব্দটি বাংলায় লেখা:

মনে করুন আপনি বাংলায় “সফটওয়্যার” লিখতে চাচ্ছেন। অব্র ফোনেটিকের উচ্চারণভিত্তিক পদ্ধতি অনুসরণ করলে আপনাকে লিখতে হবে “soft`OyZar”। আপনি যদি অটো কারেক্ট ডিকশনারিতে শব্দটি যোগ করে রাখেন তবে প্রতিবার “software” লিখেই আপনি বাংলা “সফটওয়্যার” শব্দটি পাবেন।


৩) বড় কয়েকটি শব্দকে একটি মাত্র শব্দ ব্যবহার করে সংক্ষেপে ও দ্রুত লেখা:

আপনার পুরো নাম যদি হয় “এনামুল হক চৌধুরী (enamul hok cOUdhuri)” তবে আপনি চাইলে অটো কারেক্ট সুবিধা ব্যবহার করে শুধু “এনাম (enam)” লিখে প্রতিবার আপনার পুরো নামটি পেতে পারেন।


অথবা, ইন্টারনেটে চ্যাট (Chat) করার সময় আমাদের খুব দ্রুত লিখতে হয়। আপনি কারো সাথে বাংলায় চ্যাট করতে চাইলে বেশি ব্যবহৃত শব্দগুলোর বাংলা অর্থ অটো কারেক্ট ডিকশনারিতে যোগ করতে পারেন। যেমন, আপনি “brb” শব্দের অটো কারেক্ট “একটু অপেক্ষা করুন” অথবা “একটু পরেই আসছি” বাক্যটি দিয়ে করতে।

অটো কারেক্ট ডিকশনারিতে পরিবর্তন করাঃ

আপনি অত্র কিবোর্ডের টপ বার থেকে অটো কারেক্ট ডিকশনারিতে প্রবেশ করতে পারেন।



অথবা, অত্র কিবোর্ড এর কনফিগারেশন উইন্ডো থেকে অটো কারেক্ট ডিকশনারিতে প্রবেশ করতে পারেন।




এভাবে অটো কারেক্ট ডিকশনারি খোলার পর নিচের মত একটি সহজবোধ্য উইন্ডো আসবে। এখান থেকে আপনি প্রয়োজনমত কোন শব্দ যোগ করতে পারবেন, পরিবর্তন করতে পারবেন, মুছে ফেলতে পারবেন অথবা আপনার ব্যাকআপ থেকে কোন অটোকারেক্ট ডিকশনারি ইম্পোর্ট করতে পারবেন।




প্রিভিউ উইন্ডো দেখার সুবিধাঃ

অব্র ফোনেটিকে আপনি কি লিখছেন দেখার জন্য প্রিভিউ উইন্ডো পাবেন। ছোট্ট এই উইন্ডোটি আপনার সুবিধার জন্য যেখানে লিখছেন সেইখানে কিবোর্ড কার্সর (Caret) এর ঠিক নিচেই থাকবে। তবে আপনি চাইলে এটাকে যেকোন স্থানে রাখতে পারবেন, এমনকি এটাকে বন্ধও রাখতে পারবেন। প্রিভিউ উইন্ডো একই সাথে আপনি কী লিখছেন সেটা দেখতে সাহায্য করে এবং ডিকশনারি সাজেশন দেখায়।



প্রিভিউ উইন্ডো এর অবস্থান (Positioning) সংক্রান্ত কিছু কথাঃ

সাধারণভাবে প্রিভিউ উইন্ডো আপনি যেখানে টাইপ করছেন, তার ঠিক নিচে অবস্থান করে। কিন্তু কিছু সফটওয়্যারে আপনি ঠিক কোথায় টাইপ করছেন এটা খুঁজে পাওয়া সম্ভব হয় না, বা অব্র কিবোর্ড যখন এসব সফটওয়্যার থেকে কিবোর্ড কার্সর (ক্যারেট) এর অবস্থান জানতে চায়, তারা ভুল তথ্য প্রদান করে। ফলস্বরূপ প্রিভিউ উইন্ডো হয়ত এমন জায়গায় অবস্থান নেয়, যা আপনার টাইপিং এর জন্য অসুবিধাজনক। তখন প্রিভিউ উইন্ডো যদি আপনি ড্রাগ (Drag) করে সরান, তাহলে ওই উইন্ডোতে সেটি আর কিবোর্ড কার্সর অনুসরণ করার চেষ্টা করবে না, বরং সবসময় একই জায়গায় অবস্থান করবে। অন্য সব উইন্ডো তে এটি কিবোর্ড কার্সর অনুসরণ করে যাবে। নিচের ছবিটি দেখুনঃ



বাংলা যুক্তাক্ষর/যুক্তবর্ণের তালিকাঃ

যুক্তাক্ষর	অব্র ফোনেটিকের বর্ণান্তর পদ্ধতি		যুক্তাক্ষর	অব্র ফোনেটিকের বর্ণান্তর পদ্ধতি
ক	kk		গ	gn
ক্	kT		গ্য	gny,gnZ
কত	kt		গ্ব	gw
কত্র	ktr		গম	gm
ক্ব	kw		গ্য	gy,gZ
ক্ম	km		গ্র	gr
ক্য	ky, kZ		গ্ল	gl
ক্র	kr			
ক্ল	kl		গ্ন	ghn
ক্ক	kkh, kx		ঘ্য	ghy,ghZ
ক্ক্ব	kkhw,kxw		ঘ্র	ghr
ক্ক্	kkhN,kxN			
ক্ক্ম	kkhm,kxm		ক	nk,Ngk
ক্ক্য	kkhy,kxy,kkhZ,kxZ		ক্য	nky,Ngky,nkZ,NgkZ
ক্স	ks		ক্ক	Ngkkh,Ngkx
			ক্খ	Ngkh
খ্য	khy,khZ		ক্গ	Ngg
খ্র	chr		ক্য	Nggy,NggZ
			ক্ঘ	Nggh
গ	gN		ক্ঘ্য	Ngghy,NgghZ
গ্	gdh		ক্ঘ্র	Ngghr
গ্ম	Ngm		ট	Tw
			ট্ম	Tm
চ	cc		ট্য	Ty,TZ
চ্	cch		ট্র	Tr
চ্ছ	cchw			
চ্ছ্র	cchr		ড	DD
চ্চঃ	cNG		ড্য	Dy,DZ
চ্য	cy,cZ		ড্র	Dr
জ	jj		ড্য	Dhy,DhZ
জ্ব	jjw		ড্র	Dhr
জ্জ	jjh			
জ্জঃ	gg,jNG		ণ	NT

জ	jw		ঠ	NTh
জ্য	jy,jZ		ঙ	ND
জ্র	jr		ণ্ড	NDy,NDZ
			ণ্ড্র	NDr
ঞ্চ	nc, NGc		ণ্ডহ	NDh
ঞ্জ	nch,NGch		ন্	Nn
ঞ্জ	nj,NGj		ন্	Nw
ঞ্জ	njh,NGjh		ন্ম	Nm
			ণ্য	Ny,NZ
ট	TT			
ত	tt		ধ্	dhn
ত্ব	ttw		ধ্ব	dhw
ত্থ	tth		ধ্ম	dhm
ত্ন	tn		ধ্য	dhy,dhZ
ত্ব	tw		ধ্র	dhr
ত্ম	tm			
ত্ম্য	tmy,tmZ		ট	nT
ত্য	ty,tZ		ঠ	nTh
ত্র	tr		ড	nD
ত্ব	thw		ন্ত	nt
ত্থ্য	thy,thZ		ন্ত্ব	ntw
ত্থ্র	thr		ন্ত্য	nty,ntZ
			ন্ত্র	ntr
দগ	dg		ন্ত্	nth
দঘ	dgh		ন্দ	nd
দদ	dd		ন্দ্য	ndy,ndZ
দদ্ব	ddw		ন্দ্ব	ndw
দদধ	ddh		ন্দ্র	ndr
দ্ব	dw		ন্ধ	ndh
দ্ব	dv,dbh		ন্ধ্য	ndhy,ndhZ
দ্ম	dm		ন্ধ্র	ndhr
দ্য	dy,dZ		ন্	nn
দ্র	dr		ন্	nw
ন্ম	nm		ভ্য	vy,vZ,bhy,bhZ
ন্য	ny,nZ		ভ্র	vr,bhr
ন্স	ns		ভ্র	vl, bhl
			ম্	mth

প্ৰট	pT		ম্ন	mn
প্ত	pt		ম্প	mp
প্ন	pn		ম্প্র	mpr
প্প	pp		ম্ফ	mf,mph
প্য	py,pZ		ম্ব	mb,mw
প্ৰ	pr		ম্ভ	mv,mbh
প্ল	pl		ম্ভ্র	mvr,mbhr
প্স	ps		ম্ম	mm
			ম্য	my,mZ
ফ্ৰ	fr,phr		ম্ৰ	mr
ফ্ল	fl,phl		ম্ল	ml
জ	bj		য্য	zy,zZ
ব্দ	bd			
ব্ধ	bdh		ৰ্ক,ৰ্থ,ৰ্গ ...	rrk,rrkh,rrg...
ব্ব	bb		ৰ্ক্য,ৰ্থ্য ...	rrky,rrkZ,rrkhy,rrkhZ...
ব্য	by,bZ			
ব্ৰ	br		ৰ্ক	lk
ব্ল	bl		ৰ্ল	lg
ল্ৰট	lT		শ্ৰ	ShTy,ShTZ
ল্ৰড	lD		শ্ৰ্ৰ	ShTr
ল্ৰধ	ldh		শ্ৰ্ঠ	ShTh
ল্ৰপ	lp		শ্ৰ্ঠ্য	ShThy,ShThZ
ল্ৰ	lb,lw		শ্ৰ	ShN
ল্ৰভ	lv,lbh		শ্প	Shp
ল্ৰম	lm		শ্প্র	Shpr
ল্ৰ্য	ly,lZ		শ্ফ	Shph,Shf
ল্ৰ	ll		শ্ব	Shw
			শ্ম	Shm
শ্চ	shc,Sc			
শ্ছ	shch,Sch		স্ক	sk
শ্ৰ	sht,St		স্ক্র	skr
শ্ৰ্ন	shn,Sn		স্ট	sT
শ্ৰ্ব	shw,Sw		স্ট্র	sTr
শ্ম	shm,Sm		শ্খ	skh
শ্য	shy,shZ,Sy,SZ		স্ত	st
শ্ৰ	shr,Sr		স্ত্ব	stw

শ্ল	shl,Sl		স্ত্য	sty,stZ
			স্থ	sth
শ্ক	Shk		স্থ্য	sthy,sthZ
শ্র	Shkr		স্ন	sn
ষ্ট	ShT		স্প	sp
স্ফ	sf,sph			
স্ব	sw			
স্ম	sm			
স্য	sy,sZ			
স্র	sr			
স্ল	sl			
স্ক্ল	skl			
হ্ন	hN			
হ্ন	hn			
হ্ব	hw			
হ্ম	hm			
হ্য	hy,hZ			
হ্র	hr			
হ্ল	hl			
হ্রি	hrri			

আপনার কোন প্রশ্নের জবাব এইখানে খুঁজে না পেলেন ওমিক্রনল্যাব ফোরামে পরামর্শ
চাইতে পারেন।

<http://www.omicronlab.com/forum>